গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

"কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ৮ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ০৯ মে ২০২৩ |
| সভার সময় | দুপুর: ২.৪৫ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিতকরণ পূর্বক আলোচনা শুরু করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। অতঃপর প্রকল্প পরিচালক আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন।

**২। আলোচনা:**

**(ক) বিগত পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:**

"কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" প্রকল্পের পিএসসি'র ৭ম সভা বিগত ২৯ ডিসেম্বর, ২০২২ তারিখের অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির সদস্যবৃন্দ ব্যক্তিগত ভাবে এবং অনলাইনে অংশগ্রহণ করেন। বিগত ৭ম সভার পিএসসি'র কার্যবিবরণীর সংশোধনী আছে কিনা সেই মর্মে সভায় আলোচনা করা হয়। সভায় নিম্নবর্ণিতভাবে উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং এতে প্রযোজ্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**প্রকল্পের মেয়াদ বৃদ্ধি:** প্রকল্পের মেয়াদ বৃদ্ধি বিষয়ক সর্বশেষ হালনাগাদ তথ্য সম্পর্কে আলোচনা করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করা হয়। তিন জানান যে, এ বিষয়ে অগ্রগতি রয়েছে এবং চলমান সপ্তাহ তেও এ বিষয়ে যোগাযোগ করা হয়েছে। খুব শীঘ্রই মেয়াদ বৃদ্ধির আদেশ পাওয়া যাবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

**(খ) প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্প পরিচালক বলেন- "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির প্রথম সংশোধনী মোতাবেক মেয়াদ আগামী ৩১-১২-২০২২ তারিখে শেষ হবে। ১ম সংশোধনী মোতাবেক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৪৪৫০.০০ লক্ষ টাকা। বিগত ৩০-১১-২০২২ তারিখ পর্যন্ত প্রকল্প কাজের ভৌত অগ্রগতি ২৬.৫১% এবং আর্থিক অগ্রগতি ২২৩৬.৮০ লক্ষ টাকা যা ১ম সংশোধনী অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ের ৯.১৫%। প্রকল্পের মেয়াদ সমাপ্তি তারিখ সমাগত হওয়ায় প্রকল্পের মেয়াদ আরও দুই বছর বৃদ্ধি (ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত) এবং প্রকল্পের ব্যয় ৪৯২৫.০০ লক্ষ টাকা বা ২০.১৪% বৃদ্ধি করে প্রকল্পের ২য় সংশোধনী আবশ্যক।

**(গ) গত পিআইসি সভার কার্যবিবরণীর অগ্রগতি ও সুপারিশ পর্যালোচনা:**

"কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ ৪৩৫০.০০ লক্ষ টাকা (রাজস্ব ৫৩০.০০ মূলধন ৩৮২০.০০)। উল্লেখ্য, ২৫% সংরক্ষণের পর ৩২৬২.৫০ লক্ষ টাকা বরাদ্দ। প্রকল্পের অব্যয়িত ২২০০.০০ লক্ষ টাকা অর্থ সমর্পণ করা হয়। সে আলোকে ২২০০.০০ লক্ষ টাকা উপযোজনপূর্বক 'বাংলাদেশ ঝুঁকিপূর্ণ শিশুশ্রম (৪র্থ পর্যায়)' প্রকল্পের অনুকূলে অতিরিক্ত বরাদ্দ পুন:নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং পরিকল্পনা কমিশনে সে আলোকে পত্র প্রেরণ করা হয়েছে।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে অতিরিক্ত বরাদ্দ রাখা না গেলে প্রকল্পের ২য় সংশোধনী অনুমোদন করতে হবে এবং সে আলোকে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।
অতঃপর বিগত ৭ম প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণীর অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত পিআইসি সভার সকল সিদ্ধান্ত এবং সুপারিশ বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় প্রকল্প পরিচালক অবহিত করেন।

**৩। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**
ক) প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাব অনুমোদনের কাজটি তরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে।

খ) চলতি অর্থবছরে (২০২২-২৩) আরএডিপিতে যে বরাদ্দ আছে তা বিধি মোতাবেক সম্পূর্ণ ব্যয় করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে;

গ) প্রকল্পে অবিলম্বে একজন সহকারী প্রকল্প পরিচালক পদায়ন করতে হবে;

ঘ)ভূমি অধিগ্রহণের বিষয়টি তরান্বিত করার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং অন্যান্যদের সাথে সার্বক্ষণিক সুষ্ঠু সমন্বয় ও যোগাযোগ রাখতে হবে। প্রয়োজনে এ বিষয়ে মন্ত্রণালয়ের সাহায্য গ্রহণ করতে হবে;

চ) পিডব্লিউডি কর্তৃক ৬টি জেলা কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের জন্য ইতোমধ্যে প্রদানকৃত কার্যাদেশ অনুযায়ী সকল কাজ চলতি অর্থবছরে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০০২.২১.৪৫

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৫) অতিরিক্ত সচিব (আইও) (অতিরিক্ত দায়িত্ব), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৬) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৭) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৮) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৯) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১০) যুগ্ম সচিব, বাজেট-৪ অধিশাখা, অর্থ বিভাগ

১১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর

১৪) তত্ত্বাবধায়ক স্থপতি (রুটিন দায়িত্ব), তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-৬, স্থাপত্য অধিদপ্তর

এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী
সিনিয়র সহকারী সচিব